



বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)
রহমান'স রেগনাম সেন্টার (৭ম, ৮ম ও ৯ম তলা)
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮
ফোন : ৮৮ ০২ ৮৮৭৯১৯৪, ৮৮ ০২ ৮৮৭৯১৯২ ।
ফ্যাক্স : ৮৮ ০২ ৮৮৭৯১৯৩, ওয়েব সাইট : www.bsccl.com



মূল্য সংবেদনশীল তথ্য

১৭ এপ্রিল ২০২২খ্রি., রোজ রবিবার রাত ১০:৩০ ঘটিকায় ডিজিটাল প্ল্যাটফর্মে অনুষ্ঠিত বাংলাদেশ সাবমেরিন ক্যাবল কোম্পানি লিমিটেড (বিএসসিসিএল)-এর পরিচালনা পর্ষদের ১৯৮-তম সভায় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের নির্দেশনার পরিপ্রেক্ষিতে 'বাংলাদেশের আন্তর্জাতিক টেলিযোগাযোগ ব্যবস্থা সম্প্রসারণের লক্ষ্যে তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন' শীর্ষক প্রকল্পের আওতায় SMW6 কনসোর্টিয়ামে কোম্পানির বিনিয়োগের পরিমাণ ০১ (এক) Minimum Investment Unit (MIU) হতে আরো ০১ (এক) MIU বৃদ্ধিকরতঃ মোট বিনিয়োগের পরিমাণ ০২ (দুই) MIU নির্ধারণ এবং উক্ত অতিরিক্ত বিনিয়োগের বিষয়টি ইতোপূর্বে অনুমোদিত ডিপিপি সংশোধন প্রস্তাবসহ সরকারের সংশ্লিষ্ট বিভাগে প্রেরণের বিষয়টি অনুমোদিত হয়। সে মোতাবেক সংশোধিত ডিপিপি'র প্রাক্কলিত ব্যয় ৬৯৩.১৭ কোটি টাকার স্থলে প্রায় ৮৭০ কোটি টাকায় নির্ধারণের প্রয়োজন হবে। অতিরিক্ত এ বিনিয়োগ নিশ্চিত হলে সাবমেরিন ক্যাবলে বিএসসিসিএল এর প্রাপ্ত ক্যাপাসিটি ৬,৬০০ জিবিপিএস এর স্থলে ১৩,২০০ জিবিপিএস হবে আশা করা যায়। উপরোক্ত প্রকল্পের ডিপিপি সংশোধনসাপেক্ষে এবং কনসোর্টিয়ামের সম্মতিক্রমে বর্ণিত অতিরিক্ত বিনিয়োগ সম্পন্ন করা হবে। উল্লেখ্য যে, গত ১৩ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখে প্রকাশিত মূল্য সংবেদনশীল তথ্যের ধারাবাহিকতায় উপরোক্ত মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করা হলো।

পরিচালনা পর্ষদের নির্দেশক্রমে

তারিখ, ঢাকা
১৭ এপ্রিল ২০২২ খ্রি.।

স্বাক্ষরিত
(মোঃ আব্দুস সালাম খান, এফসিএস)
কোম্পানি সচিব (মহাব্যবস্থাপক)
ফোন-০২-৮৮৭৯২৪০
ই-মেইল- cs@bsccl.com